রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**রবিবার, জুন ১০, ২০১৮**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**পরিকল্পনা মন্ত্রণালয়**
**বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ**
**সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট (সিপিটিইউ)**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৪ জ্যৈষ্ঠ ১৪২৫ বঙ্গাব্দ/০৭ জুন ২০১৮ খ্রিস্টাব্দ

**এস.আর.ও. নং ১৬৫-আইন/২০১৮।**—পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ (২০০৬ সনের ২৪ নং আইন) এর ধারা ৭০ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:—

উপরি-উক্ত বিধিমালার—

(১) বিধি ৬৩ এর পরিবর্তে নিম্নরূপ বিধি ৬৩ প্রতিস্থাপিত হইবে, যথা :—

"৬৩। **সীমিত দরপত্র পদ্ধতির প্রয়োগ।**—(১) নিম্নবর্ণিত পরিস্থিতিতে ক্রয়কারী সীমিত দরপত্র পদ্ধতি প্রয়োগ করিয়া ক্রয়কার্য সম্পন্ন করিতে পারিবে, যথা:—

(ক) যে সকল ক্ষেত্রে পণ্য ও সংশ্লিষ্ট সেবা এবং কার্য ও ভৌত সেবা তাহাদের বিশেষ বৈশিষ্ট্যের কারণে কেবল সীমিত সংখ্যক যোগ্যতাসম্পন্ন সম্ভাব্য সরবরাহকারী বা ঠিকাদারেরর নিকট হইতে প্রাপ্তিসাধ্য (যথা-বিমান, রেল ইঞ্জিন, বিশেষায়িত চিকিৎসা সরঞ্জাম, গর্ভনিরোধক সামগ্রী, টেলি-যোগাযোগ সরঞ্জামাদি, খাদ্য-গুদাম, বন্দর, পোতাশ্রয়, ইত্যাদি); বা


**মূল্য :** টাকা ১২.০০

(খ) জরুরী প্রয়োজনে পণ্য, কার্য বা সেবা ক্রয়ের ক্ষেত্রে উন্মুক্ত অভ্যন্তরীণ অথবা আন্তর্জাতিক প্রতিযোগিতামূলক দরপত্র প্রক্রিয়া গ্রহণ বাস্তবসম্মত নহে বলিয়া প্রতীয়মান হইলে:

তবে শর্ত থাকে যে, যে পরিস্থিতির কারণে বর্ণিত জরুরী অবস্থার উদ্ভব হইয়াছে, ক্রয়কারী কর্তৃক উহার পূর্বানুমান করা সম্ভব ছিল না অথবা ক্রয়কারীর দীর্ঘসূত্রতার কারণেও উহা সূচিত হয় নাই; বা

(গ) যে সকল ক্ষেত্রে রক্ষণাবেক্ষণ ব্যয় হ্রাস এবং খুচরা যন্ত্রাংশের মজুদ সীমিতকরণের লক্ষ্যে সরকার নির্দিষ্ট কতিপয় ব্রান্ডের (যথা-কম্পিউটার, গবেষণাগারের যন্ত্রপাতি, গবেষণা যন্ত্রপাতি, ইত্যাদি) প্রমিতকরণ সংক্রান্ত নীতিমালা প্রবর্তন করিয়াছে; বা

(ঘ) দরপত্র প্রক্রিয়াকরণে আবশ্যক সময় এবং ব্যয় ক্রয়ের জন্য নির্ধারিত পণ্য বা কার্যের সম্ভাব্য চুক্তি মূল্যের তুলনায় অসমঞ্জস হইলে, ক্রয়কারী, তফসিল-২ এ বর্ণিত মূল্যসীমা সাপেক্ষে, তালিকাভুক্ত সরবরাহকারী বা ঠিকাদারদের নিকট হইতে দরপত্র আহবান করিতে পারিবে।

(২) মূল্যায়িত সর্বনিম্ন দর যদি উপ-বিধি ১ এর দফা (ঘ) এ বর্ণিত মূল্যসীমার অধিক হয়, তাহা হইলে পরবর্তী ঊর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট হইতে উক্ত ক্ষেত্রে চুক্তি সম্পাদনের অনুমোদন গ্রহণ করিতে হইবে।

(৩) সীমিত দরপত্র পদ্ধতি ব্যবহারের ক্ষেত্রে ক্রয়কারী কার্যালয় প্রধান অথবা তাহার নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার পূর্বানুমোদন গ্রহণ করিতে হইবে।

(৪) বর্ণিত পদ্ধতির অধীন দরপত্র জামানত প্রদান ও অনুমিত রক্ষণযোগ্য অর্থ বাধ্যতামূলক করা যাইবে না, তবে তফসিল-২ এ বিধি ২৭ (১) এর বিপরীতে বর্ণিত হারে কার্যসম্পাদন জামানত গ্রহণ করিতে হইবে।";

(২) বিধি ৬৪ এর—

(ক) উপ-বিধি (১) এ উল্লিখিত "সরবরাহকারীর" এবং "সরবরাহকারীদের" শব্দগুলির পরিবর্তে যথাক্রমে "সরবরাহকারীর বা ঠিকাদারের" এবং "সরবরাহকারীদের বা ঠিকাদারদের" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(খ) উপ-বিধি (২) এর "বিধি ৬৩(২)" শব্দ, সংখ্যাগুলি এবং বন্ধনীর পরিবর্তে "বিধি ৬৩ এর উপ-বিধি (১) এর দফা (ঘ)" শব্দগুলি, সংখ্যাগুলি, বন্ধনীগুলি ও অক্ষর প্রতিস্থাপিত হইবে;

(গ) উপ-বিধি (৬) এর "বিধি ৬৩(২)" শব্দ, সংখ্যাগুলি এবং বন্ধনীর পরিবর্তে "বিধি ৬৩ এর উপ-বিধি (১) এর দফা (ঘ)" শব্দগুলি, সংখ্যাগুলি, বন্ধনীগুলি ও অক্ষর প্রতিস্থাপিত হইবে;

(৩) বিধি ৭৬ এর উপ-বিধি (৫) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (৫) প্রতিস্থাপিত হইবে, যথা :—

"(৫) ভৌত সেবা প্রদানকারীর সহিত সম্পাদিত চুক্তি, সরাসরি ক্রয় পদ্ধতি অনুসরণপূর্বক, বৎসরভিত্তিক বা তদপেক্ষা স্বল্পতর সময়ের জন্য বৃদ্ধি করা যাইবে, যদি প্রতিযোগিতার ভিত্তিতে উক্ত সেবা প্রদানকারীকে কার্যাদেশ প্রদান করা হইয়া থাকে এবং ইতঃপূর্বেকার চুক্তি অনুযায়ী প্রদত্ত সেবা সন্তোষজনকভাবে প্রতিপালিত হয়।";

(৪) বিধি ৯৮ এর—

(ক) উপ-বিধি (২) ও (২ক) এর পরিবর্তে যথাক্রমে নিম্নরূপ উপ-বিধি (২) ও (২ক) প্রতিস্থাপিত হইবে, যথা:—

"(২) দরপত্র দলিলে উল্লিখিত মূল্যায়নের নির্ণায়কসমূহ ব্যতীত অন্য কোন নির্ণায়কের ভিত্তিতে কোন দরপত্র মূল্যায়ন করা যাইবে না এবং দরপত্র বা প্রস্তাব দাখিল হইতে চুক্তি স্বাক্ষর পর্যন্ত সময়ের কোন পর্যায়েই দাখিলকৃত দরপত্রদাতার নাম পরিবর্তন করা যাইবে না।

(২ক) উন্মুক্ত দরপত্র পদ্ধতির আওতায় অভ্যন্তরীণ কার্যক্রয়ে দরপত্র মূল্যের সমতার ক্ষেত্রে উপ-বিধি (৩১) ও (৩২) এর বিধান প্রয়োগের পূর্বে ক্রয়কারী কর্তৃক দরপত্র দলিলে উল্লিখিত নিম্নবর্ণিত বিষয়সমূহ বিবেচনা করিতে হইবে, যথা :—

(ক) দরপত্রদাতা কেবল সংশ্লিষ্ট ক্রয়কারী সংস্থার আওতায় বিগত ৫ (পাঁচ) বৎসরে কতগুলি চুক্তির সফল বাস্তবায়ন করিয়াছেন উহার সংখ্যা ও বিবরণ;

(খ) দফা (ক) এর অধীন বাস্তবায়িত চুক্তিসূহের মোট চুক্তিমূল্য;

(গ) Tender Capacity-এর ভিত্তিতে সংশ্লিষ্ট এবং অন্যান্য সকল ক্রয়কারীর সহিত চলমান (on-going) এবং প্রতিশ্রুত (committed) কাজের আর্থিক মূল্য;

(ঘ) উপরিউক্ত দফা (ক), (খ) ও (গ) তে বর্ণিত বিষয়সমূহের পয়েন্ট বন্টন আদর্শ দরপত্র দলিলে উল্লেখ করিতে হইবে।";

(খ) উপ-বিধি (২১) এর দফা (খ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (খ) প্রতিস্থাপিত হইবে, যথা :—

"(খ) গ্রুপ-খ ভুক্ত দরপত্রসমূহের উদ্ধৃত পণ্যের দর দরপত্র দলিলের বর্ণনা মোতাবেক Carriage & Insurance Paid to (CIP) বা Cost, Insurance & Freight (CIF) ভিত্তিতে উল্লেখ করিতে হইবে, যাহাতে ইতোমধ্যে প্রদত্ত বা প্রদেয় শুল্ক বা অন্যান্য আমদানী কর অন্তর্ভুক্ত হইবে না;";

(৫) বিধি ১১২ এর উপ-বিধি (১০) ও উপ-বিধি (১১) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (১০) প্রতিস্থাপিত হইবে, যথা :—

"(১০) এই বিধিতে যাহা কিছুই থাকুক না কেন, নিম্নবর্ণিত পরিস্থিতিতে ক্রয়কারী কার্যালয় প্রধানের পূর্বানুমোদন সাপেক্ষে আগ্রহব্যক্তকরণপত্র আহ্বান ব্যতিরেকে ব্যক্তিভিত্তিক পরামর্শক নিয়োগ করা যাইবে, যদি—

(ক) কাজটি পূর্ব কাজের ধারাবাহিকতায় হয়; বা

(খ) কাজের সময় অনধিক ৬ (ছয়) মাসের হয়; বা

(গ) প্রাকৃতিক দুর্যোগের কারণে জরুরীভিত্তিতে কাজ সম্পাদনের প্রয়োজন হয়; বা

(ঘ) সংশ্লিষ্ট ব্যক্তিই কাজের ক্ষেত্রে একমাত্র যোগ্য পরামর্শক বিবেচিত হন :

তবে শর্ত থাকে যে, দফা (খ) ও (গ) এ উল্লিখিত কাজে পরামর্শক নির্বাচনের ক্ষেত্রে আগ্রহী পরামর্শকগণের মধ্য হইতে অন্যূন ৩ (তিন) জনের জীবন-বৃত্তান্ত সংগ্রহপূর্বক তাহাদের শিক্ষাগত যোগ্যতা ও কর্ম-অভিজ্ঞতা বিবেচনাক্রমে সিদ্ধান্ত গ্রহণ করিতে হইবে।";

(৬) তফসিল-১ এর পরিবর্তে নিম্নরূপ তফসিল-১ প্রতিস্থাপিত হইবে, যথা :—

**"তফসিল-১**
**[বিধি-৪(১) দ্রঃ]**
**পণ্য, কার্য, সেবা, ইত্যাদি ক্রয়ের আদর্শ দলিলসমূহের তালিকা**
**টেবিল-১**
**(পণ্য ও সংশ্লিষ্ট সেবা)**

| ক্রমিক নং | কোড নাম | উৎস | ক্রয় পদ্ধতি, ধরন ও আর্থিক সীমা |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ১। | পিজি ১ | অভ্যন্তরীণ ক্রয় | কোটেশনের মাধ্যমে পণ্য সংগ্রহের ক্ষেত্রে অনুরোধ জ্ঞাপনের জন্য দলিল (SRFQ)। |
| ২। | পিজি ২ | অভ্যন্তরীণ ক্রয় | সীমিত অথবা উন্মুক্ত দরপত্রের মাধ্যমে পণ্য সংগ্রহের ক্ষেত্রে দরপত্র দলিল (STD) (টাকা ২৫.০০ লক্ষ পর্যন্ত)। |
| ৩। | পিজি ৩ | অভ্যন্তরীণ ক্রয় | উন্মুক্ত দরপত্রের মাধ্যমে পণ্য সংগ্রহের ক্ষেত্রে দরপত্র দলিল (STD) (টাকা ২৫.০০ লক্ষ এর উর্ধ্বে যে কোন মূল্যমানের)। |

| (১) | (২) | (৩) | (৪) |
|---|---|---|---|
| ৪। | পিজি ৪ | আন্তর্জাতিক ক্রয় | উন্মুক্ত দরপত্রের মাধ্যমে পণ্য সংগ্রহের ক্ষেত্রে দরপত্র দলিল (STD) (যে কোন মূল্যমানের)। |
| ৫। | পিজি ৫এ | অভ্যন্তরীণ/ আন্তর্জাতিক ক্রয় | প্লান্ট ও যন্ত্রপাতি সরবরাহ এবং স্থাপনের জন্য দরপত্র দলিল (STD) ["টার্ণ-কি চুক্তির আওতায়" এক ধাপ দুই খাম দরপত্র পদ্ধতির জন্য প্রযোজ্য হইবে (যে কোন মূল্যমানের)]। |
| ৬। | পিজি ৫বি | অভ্যন্তরীণ/ আন্তর্জাতিক ক্রয় | প্লান্ট ও যন্ত্রপাতি সরবরাহ এবং স্থাপনের জন্য দরপত্র দলিল (STD) ["টার্ণ-কি চুক্তির আওতায়" দুই পর্যায় বিশিষ্ট দরপত্র পদ্ধতির জন্য প্রযোজ্য হইবে (যে কোন মূল্যমানের)]। |
| ৭। | পিজি ৬ | আন্তর্জাতিক ক্রয় | কোটেশনের মাধ্যমে বিভাজ্য (divisible) পণ্য সামগ্রী অধিক পরিমাণে (in bulk) সংগ্রহের ক্ষেত্রে অনুরোধ জ্ঞাপনের জন্য দলিল (SRFQ) (যে কোন মূল্যমানের)। |
| ৮। | পিজি ৭এ | অভ্যন্তরীণ ক্রয় | উন্মুক্ত দরপত্রের মাধ্যমে পণ্য সংগ্রহের ক্ষেত্রে ফ্রেমওয়ার্ক দরপত্র দলিল (STD) [নির্দিষ্ট সময় অন্তর সচরাচর ব্যবহৃত সামগ্রী ক্রয়ের ক্ষেত্রে দরপত্র আহ্বানের পুনরাবৃত্তি পরিহারের লক্ষ্যে ফ্রেমওয়ার্ক চুক্তি সম্পাদন (যে কোন মূল্যমানের)]। |
| ৯। | পিজি ৭বি | অভ্যন্তরীণ ক্রয় | সীমিত দরপত্র পদ্ধতির মাধ্যমে পণ্য সংগ্রহের ক্ষেত্রে ফ্রেমওয়ার্ক দরপত্র দলিল (STD) [নির্দিষ্ট সময় অন্তর সচরাচর ব্যবহৃত সামগ্রী ক্রয়ের ক্ষেত্রে দরপত্র আহ্বানের পুনরাবৃত্তি পরিহারের লক্ষ্যে ফ্রেমওয়ার্ক চুক্তি সম্পাদন (২৫ লক্ষ টাকা পর্যন্ত)]। |
| ১০। | পিকিউজি | অভ্যন্তরীণ/ আন্তর্জাতিক ক্রয় | প্লান্ট ও যন্ত্রপাতি সরবরাহ এবং স্থাপনের ক্ষেত্রে (টাকা ১৫.০০ কোটির ঊর্ধ্বে) এবং নির্দিষ্ট নকশা ও মাপে যন্ত্রপাতি তৈরি (custom designed equipment) (টাকা ৩.৫০ কোটির ঊর্ধ্বে) প্রাক- যোগ্যতা নির্ধারণের জন্য দলিল (PQG)। |

| (১) | (২) | (৩) | (৪) |
|---|---|---|---|
| ১১। | এসএএফই-এ | অভ্যন্তরীণ ক্রয় | পণ্য সংগ্রহের ক্ষেত্রে তালিকাভুক্তির জন্য আবেদন ছক (SAFE-A) (টাকা ২৫.০০ লক্ষ পর্যন্ত)। |
| ১২। | পিজি ৮ | অভ্যন্তরীণ/ আন্তর্জাতিক ক্রয় | আইটি ইকুইপমেন্ট, ইতোমধ্যে প্রস্তুতকৃত সফটওয়্যার সংগ্রহের ক্ষেত্রে দরপত্র দলিল (STD)। |

**টেবিল-২**
**(কার্য ও ভৌত সেবা)**

| ক্রমিক নং | কোড নাম | উৎস | ক্রয় পদ্ধতি, ধরন ও আর্থিক সীমা |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ১। | পিডব্লিউ ১ | অভ্যন্তরীণ ক্রয় | কোটেশনের মাধ্যমে কার্য সম্পাদনের ক্ষেত্রে অনুরোধ জ্ঞাপনের জন্য দলিল (SRFQ)। |
| ২। | পিডব্লিউ ২এ | অভ্যন্তরীণ ক্রয় | উন্মুক্ত দরপত্রের মাধ্যমে কার্য সম্পাদনের ক্ষেত্রে দরপত্র দলিল (STD) (টাকা ৩.০০ কোটি পর্যন্ত)। |
| ৩। | পিডব্লিউ ২বি | অভ্যন্তরীণ ক্রয় | সীমিত দরপত্রের মাধ্যমে কার্য সম্পাদনের ক্ষেত্রে দরপত্র দলিল (STD) (টাকা ৩.০০ কোটি পর্যন্ত)। |
| ৪। | পিডব্লিউ ৩ | অভ্যন্তরীণ ক্রয় | উন্মুক্ত দরপত্রের মাধ্যমে কার্য সম্পাদনের ক্ষেত্রে দরপত্র দলিল (STD) : প্রাক যোগ্যতা নির্ধারণ ব্যতীত। (টাকা ৩.০০ কোটি এর ঊর্ধ্বে যে কোন মূল্যমানের)। |
| ৫। | পিকিউডব্লিউ ৪ | অভ্যন্তরীণ ক্রয় | কার্য সম্পাদনের ক্ষেত্রে (টাকা ৩৫.০০ কোটি এর ঊর্ধ্বে) এবং রক্ষণাবেক্ষণ কার্যের ক্ষেত্রে (টাকা ৩.৫০ কোটির ঊর্ধ্বে) প্রাক-যোগ্যতা নির্ধারণের জন্য দলিল (SPD)। |
| ৬। | পিডব্লিউ ৫ | অভ্যন্তরীণ ক্রয় | উন্মুক্ত দরপত্রের মাধ্যমে নির্মাণ কার্য অথবা স্থাপনার নকশা তৈরি ও অবকাঠামো নির্মাণ অথবা ব্যবস্থাপনা চুক্তির ক্ষেত্রে (টাকা ৩৫.০০ কোটি এর ঊর্ধ্বে) এবং রক্ষণাবেক্ষণ কার্যের ক্ষেত্রে (টাকা ৩.৫০ কোটির ঊর্ধ্বে) দরপত্র দলিল (STD)। |

| (১) | (২) | (৩) | (৪) |
|---|---|---|---|
| ৭। | পিকিউডব্লিউ ৬ | আন্তর্জাতিক ক্রয় | কার্য সম্পাদনের ক্ষেত্রে প্রাক-যোগ্যতা নির্ধারণের জন্য দলিল (SPD) (টাকা ৩৫.০০ কোটি এর উর্ধ্বে)। |
| ৮। | পিডব্লিউ ৭ | আন্তর্জাতিক ক্রয় | বৃহৎ এবং জটিল কার্য সম্পাদনের ক্ষেত্রে দরপত্র দলিল (STD) (টাকা ৩৫.০০ কোটি এর উর্ধ্বে)। |
| ৯। | এসএএফই-বি | অভ্যন্তরীণ ক্রয় | কার্য সম্পাদনের ক্ষেত্রে তালিকাভুক্তির জন্য আবেদন ছক (SAFE-B) (টাকা ৩.০০ কোটি পর্যন্ত)। |
| ১০। | পিডব্লিউ ৩এ | অভ্যন্তরীণ ক্রয় | একধাপ দুই খাম দরপত্র পদ্ধতির মাধ্যমে কার্য ক্রয়ের ক্ষেত্রে দরপত্র দলিল (STD) (যে কোনো মূল্যমানের)। |
| ১১। | পিডব্লিউ ৭এ | আন্তর্জাতিক ক্রয় | একধাপ দুই খাম দরপত্র পদ্ধতির মাধ্যমে কার্য ক্রয়ের ক্ষেত্রে দরপত্র দলিল (STD) (যে কোনো মূল্যমানের)। |

**টেবিল-৩**
**(বুদ্ধিবৃত্তিক এবং পেশাগত সেবা ও পরামর্শক সেবাবিহীন সেবা)**

| ক্রমিক নং | কোড নাম | উৎস | ক্রয় পদ্ধতি, ধরন ও আর্থিক সীমা |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ১। | পিএস ১ | অভ্যন্তরীণ ক্রয় | সামাজিক সেবামূলক (Community Services) সংগঠন নির্বাচনের ক্ষেত্রে প্রস্তাব দাখিলের অনুরোধ সম্বলিত দলিল (SRFP)। |
| ২। | পিএস ২ | অভ্যন্তরীণ ক্রয় | এনজিও নির্বাচনের ক্ষেত্রে প্রস্তাব দাখিলের অনুরোধ সম্বলিত দলিল (SRFP)। |
| ৩। | পিএস ৩ | অভ্যন্তরীণ ক্রয় | থোক চুক্তি (Lump-sum) ব্যক্তি পরামর্শক নির্বাচনের ক্ষেত্রে আবেদন দাখিলের অনুরোধ সম্বলিত দলিল (SRFA)। |

| (১) | (২) | (৩) | (৪) |
|---|---|---|---|
| ৪। | পিএস ৪ | অভ্যন্তরীণ ক্রয় | সময়ভিত্তিক (Time based) ব্যক্তি পরামর্শক নির্বাচনের ক্ষেত্রে আবেদন দাখিলের অনুরাধ সম্বলিত দলিল (SRFA)। |
| ৫। | পিএস ৫ | অভ্যন্তরীণ ক্রয় | পরামর্শক প্রতিষ্ঠান নির্বাচনের ক্ষেত্রে প্রস্তাব দাখিলের অনুরোধ সম্বলিত দলিল (SRFP) (simple ও থোক চুক্তি টাকা ১.০০ কোটি পর্যন্ত)। |
| ৬। | পিএস ৬ | অভ্যন্তরীণ ক্রয় | পরামর্শক প্রতিষ্ঠান নির্বাচনের ক্ষেত্রে প্রস্তাব দাখিলের অনুরোধ সম্বলিত দলিল (SRFP) (simple ও সময়ভিত্তিক টাকা ১.০০ কোটি পর্যন্ত)। |
| ৭। | পিএস ৭ | অভ্যন্তরীণ ক্রয় | পরামর্শক প্রতিষ্ঠান নির্বাচনের ক্ষেত্রে প্রস্তাব দাখিলের অনুরোধ সম্বলিত দলিল (SRFP) (জটিল ও থোক চুক্তি টাকা ১.০০ কোটি এর উর্ধ্বে)। |
| ৮। | পিএস ৮ | অভ্যন্তরীণ ক্রয় | পরামর্শক প্রতিষ্ঠান নির্বাচনের ক্ষেত্রে প্রস্তাব দাখিলের অনুরোধ সম্বলিত দলিল (SRFP) (জটিল ও সময়ভিত্তিক চুক্তি টাকা ১.০০ কোটি এর উর্ধ্বে)। |
| ৯। | পিএস ৯ | আন্তর্জাতিক ক্রয় | থোক চুক্তি (Lump-sum) ব্যক্তি পরামর্শক নির্বাচনের ক্ষেত্রে আবেদন দাখিলের অনুরোধ সম্বলিত দলিল (SRFA)। |
| ১০। | পিএস ১০ | আন্তর্জাতিক ক্রয় | সময়ভিত্তিক (Time based) ব্যক্তি পরামর্শক নির্বাচনের ক্ষেত্রে আবেদন দাখিলের অনুরোধ সম্বলিত দলিল (SRFA)। |
| ১১। | পিএস ১১ | আন্তর্জাতিক ক্রয় | পরামর্শক প্রতিষ্ঠান নির্বাচনের ক্ষেত্রে প্রস্তাব দাখিলের অনুরোধ সম্বলিত দলিল (SRFP) (থোক চুক্তি-যে কোনো মূল্যমানের)। |
| ১২। | পিএস ১২ | আন্তর্জাতিক ক্রয় | পরামর্শক প্রতিষ্ঠান নির্বাচনের ক্ষেত্রে প্রস্তাব দাখিলের অনুরোধ সম্বলিত দলিল (SRFP) (সময়ভিত্তিক চুক্তি-যে কোনো মূল্যমানের)। |

| (১) | (২) | (৩) | (৪) |
|---|---|---|---|
| ১৩। | পিএসএন | অভ্যন্তরীণ ক্রয় | ভৌত সেবা গ্রহণের ক্ষেত্রে প্রস্তাব দাখিলের অনুরোধ সম্বলিত দলিল (SRFP) যে কোনো মূল্যমানের)। |
| ১৪। | পিএস ১৩ | অভ্যন্তরীণ/ আন্তর্জাতিক ক্রয় | এ্যাপ্লিকেশন ডেভেলপমেন্ট এর জন্য পরামর্শক প্রতিষ্ঠান নির্বাচনের ক্ষেত্রে প্রস্তাব দাখিলের অনুরোধ সম্বলিত দলিল (SRFP) (যে কোনো মূল্যমানের)। |

**টেবিল-৪**
**(মূল্যায়ন)**

| ক্রমিক নং | কোড নাম | বিষয় |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ১। | ইভিজি | পণ্য ক্রয়ের ক্ষেত্রে দরপত্র উন্মুক্তকরণ ও মূল্যায়ন প্রতিবেদন প্রস্তুত সংক্রান্ত ছক ও নির্দেশাবলী। |
| ২। | ইভিডব্লিউ | কার্য সম্পাদনের ক্ষেত্রে দরপত্র উন্মুক্তকরণ ও মূল্যায়ন প্রতিবেদন প্রস্তুত সংক্রান্ত ছক ও নির্দেশাবলী। |
| ৩। | ইভিএস | পরামর্শক সেবা গ্রহণের ক্ষেত্রে প্রস্তাব উন্মুক্তকরণ ও মূল্যায়ন প্রতিবেদন প্রস্তুত সংক্রান্ত ছক ও নির্দেশাবলী। |
| ৪। | পিপিপিআর | ক্রয় প্রক্রিয়া উত্তর পুনরীক্ষণ (Procedure for Procurement Post Review) পদ্ধতি। |

(৭) তফসিল-২ এর "বিধি" শিরোনামাধীন কলামে উল্লিখিত—

(ক) বিধি নং "৮(১) ও ৮(৮)" এর পরিবর্তে বিধি নং "৮(১)" প্রতিস্থাপিত হইবে;

(খ) বিধি নং "৮(২)" এর বিপরীতে "সময়, মূল্য, ইত্যাদি" শিরোনামাধীন কলামের—

(অ) উপ-শিরোনাম "স্বল্প-ক্রয়ের জন্য দরপত্র বা প্রস্তাব মূল্যায়ন কমিটি" এর—

(১) "স্বল্প-ক্রয়ের" শব্দগুলির পরিবর্তে "স্বল্প মূল্যের ক্রয়ের" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(২) অধীন বিদ্যমান এন্ট্রিতে উল্লিখিত "কমপক্ষে" শব্দ বিলুপ্ত হইবে এবং অতঃপর নিম্নরূপ দ্বিতীয় এন্ট্রি সংযোজিত হইবে, যথা :—

"> মূল্যায়নের ক্ষেত্রে ৩ (তিন) জন সদস্যের উপস্থিতি এবং মূল্যায়ন প্রতিবেদনে উক্ত সদস্যদের স্বাক্ষর আবশ্যক হইবে।";

(আ) উপ-শিরোনাম "পণ্য ও সংশ্লিষ্ট সেবার মূল্যসীমা" এর অধীন বিদ্যমান চতুর্থ এন্ট্রিতে উল্লিখিত "জাতীয় পতাকাবাহী বাহন ও" শব্দগুলি বিলুপ্ত হইবে এবং অতঃপর নিম্নরূপ পঞ্চম এন্ট্রি সংযোজিত হইবে, যথা:—

"> বাংলাদেশের বাহিরে জাতীয় পতাকাবাহী বাহনের ক্ষেত্রে ৫০ (পঞ্চাশ) লক্ষ টাকা পর্যন্ত সরাসরি ক্রয় পদ্ধতিতে ক্রয়।";

(ই) উপ-শিরোনাম "কার্য এবং ভৌত সেবার মূল্যসীমা" এর অধীন বিদ্যমান প্রথম এন্ট্রিতে উল্লিখিত "৫০ (পঞ্চাশ) লক্ষ" সংখ্যা, বন্ধনী ও শব্দগুলির পরিবর্তে "৩ (তিন) কোটি" সংখ্যা, বন্ধনী ও শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(ঈ) উপ-শিরোনাম "সেবাসমূহের মূল্যসীমা" এর অধীন বিদ্যমান তৃতীয় এন্ট্রি বিলুপ্ত হইবে;

(গ) বিধি নং "৬৩(২)" এর পরিবর্তে বিধি নং "৬৩(১)(ঘ)" প্রতিস্থাপিত হইবে;

(ঘ) বিধি নং "৬৩(২)" এর বিপরীতে "সময়, মূল্য, ইত্যাদি" শিরোনামাধীন কলামের উপ-শিরোনাম "তালিকাভুক্ত সরবরাহকারী বা ঠিকাদারদের নিকট হইতে সীমিত দরপত্র পদ্ধতির অধীনে ক্রয়ের ক্ষেত্রে মূল্যসীমা" এর অধীন বিদ্যমান দ্বিতীয় এন্ট্রিতে উল্লিখিত "২ (দুই) কোটি" সংখ্যা, বন্ধনী ও শব্দগুলির পরিবর্তে "৩ (তিন) কোটি" সংখ্যা, বন্ধনী ও শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(ঙ) বিধি নং "৬৪(৫)" এর বিপরীতে "সময়, মূল্য, ইত্যাদি" শিরোনামাধীন কলামের উপ-শিরোনাম "সীমিত দরপত্র পদ্ধতির আওতায় সরাসরি দরপত্র আহ্বান অথবা পত্রিকায় বিজ্ঞাপন প্রকাশের তারিখ হইতে দরপত্র প্রণয়ন ও দাখিলের সময়" এর অধীন বিদ্যমান তৃতীয় এন্ট্রির পরিবর্তে নিম্নরূপ তৃতীয় এন্ট্রি প্রতিস্থাপিত হইবে, যথা:—

"> বিধি ৬৩(১)(খ) অনুযায়ী ন্যূনতম ৭ (সাত) দিন ;";

(চ) বিধি নং "১০২(১১)" এর বিপরীতে "সময়, মূল্য, ইত্যাদি" শিরোনামাধীন কলামের উপ-শিরোনাম "কৃতকার্য দরদাতা কর্তৃক চুক্তি স্বাক্ষরের সময় সীমা" এর অধীন বিদ্যমান দ্বিতীয় এন্ট্রির পর নিম্নরূপ তৃতীয় এন্ট্রি সংযোজিত হইবে, যথা :—

"> সীমিত দরপত্রের ক্ষেত্রে চুক্তি সম্পাদন নোটিশ জারির তারিখ হইতে ১৪ ( চৌদ্দ) দিনের মধ্যে।"।

২। এই প্রজ্ঞাপন কার্যকর হইবার পূর্বে উপরি-উক্ত বিধিমালার অধীন গৃহীত বা সূচিত কোনো কার্যক্রম চলমান বা অনিষ্পন্ন থাকিলে, উহা এমনভাবে অব্যাহত থাকিবে বা নিষ্পন্ন করিতে হইবে যেন এই প্রজ্ঞাপন কার্যকর হয় নাই।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মফিজুল ইসলাম**

সচিব।

মোঃ লাল হোসেন, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ ছরোয়ার হোসেন, উপপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd